ভারত-কানাডা অভিবাসন এবং স্থানান্তর সংক্রান্ত প্রথম বৈঠক

আজ ভারত এবং কানাডার মধ্যে, ভারত-কানাডা অভিবাসন এবং স্থানান্তর সংক্রান্ত প্রথম বৈঠক নয়া দিল্লিতে অনুষ্ঠিত হয়। বৈঠকে সহ-সভাপতিত্ব করেন বিদেশ মন্ত্রকের সচিব (সিপিবি ও ওআইএ) শ্রীমতী শ্রীপ্রিয়া রঙ্গনাথন এবং কানাডার ইমিগ্রেশন, শরণার্থী ও নাগরিকত্ব বিষয়ক দপ্তরের (আইআরসিসি) উপমন্ত্রী শ্রী টেড গ্যালিভান। দুই দেশের প্রতিনিধি দল উভয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রক এবং সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত।

2. দুই পক্ষ আলোচনার জন্য কার্যপরিধি নির্ধারণকারী শর্তাবলীতে স্বাক্ষর করে পুনরায় নিশ্চিত করেছে যে, ভারত ও কানাডার মধ্যে সবচেয়ে শক্তিশালী সেতুবন্ধন হল দুই দেশের মানুষ। ভারতের তরুণ ও দক্ষ কর্মীবাহিনীর সঙ্গে কানাডার ডেমোগ্রাফিক এবং লেবার মার্কেটের ট্রেন্ডের স্বাভাবিক সামঞ্জস্য রয়েছে, যা সুষ্ঠুভাবে পরিচালিত মানুষের স্থানান্তরকে বর্তমান সময়ের জন্য অপরিহার্য প্রয়োজন করে তুলেছে। এই বৈঠক প্রতি বছর অনুষ্ঠিত হবে এবং অভিবাসন ও স্থানান্তর সংক্রান্ত একটি যৌথ কার্যনির্বাহী গোষ্ঠী এর কাজকে সহায়তা করবে।

3. বৈঠকে শিক্ষার্থী, দক্ষ কর্মী, পেশাজীবী ও ব্যবসায়িক কাজে আগত ব্যক্তিদের স্থানান্তর এবং অভিবাসন ব্যবস্থাপনার ক্ষেত্রে সহযোগিতার ওপর গুরুত্ব দেওয়া হয়।

4. উভয় পক্ষ পারস্পরিক সুবিধাজনক তারিখে কানাডায় পরবর্তী বৈঠক আয়োজন করতে সম্মত হয়েছে।

নয়া দিল্লি

26 অক্টোবর, 2026